গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অফিস
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
www.hajoffice.gov.bd

নং- ১৬.০৩.০০০০.০০০.০০১.১১.০০০১.২৪.৩২৫

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২
১৩ মে ২০২৫

## নিয়োগ আদেশ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়াধীন হজ অফিস, ঢাকার সাংগঠনিক কাঠামোভুক্ত 'বন্দর হজ্জ অফিস, চট্টগ্রাম (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৫' ও 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এর অনুসরণে হজ অফিস, ঢাকা এর ০১ জানুয়ারি ২০২৫ খ্রি: তারিখের ১৬.০৩.০০০০.০০০.০০১.১১.০০০১.২৪.৬৫৬ সংখ্যক স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে হজ অফিস, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত **বার্তাবাহক (ম্যাসেঞ্জার)** পদে নিম্নেবর্ণিত ব্যক্তিকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫-এর ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান হলো:

| ক্রমিক | প্রার্থীর রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১. | ১৩০০০৩২০ | জনাব তানজিল আহমেদ<br>পিতা-জনাব নাজিম উদ্দীন জিন্নাহ<br>মাতা-জনাব তাহেরা বেগম | ৫৭/১, নাজিরা বাজার লেইন, বংশাল, জিপিও, ঢাকা-১০০০। | ৫৭/১, নাজিরা বাজার লেইন, বংশাল, জিপিও, ঢাকা-১০০০। |

**নিয়োগের শর্তাবলি:**

(ক) আগামী ২৫.০৫.২০২৫ খ্রি. তারিখ উক্ত পদে যোগদান করতে হবে এবং যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সম্পূর্ণরূপে সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে গরমিল প্রমাণিত হলে অথবা শিক্ষাগত সনদে কোন প্রকার ত্রুটি প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখে;

(ঙ) যোগদানের সময় নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

অ:পৃ:দ্র:

০৩। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে নির্ধারিত তারিখে পরিচালক, হজ অফিস, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উল্লিখিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

মোঃ লোকমান হোসেন
পরিচালক (যুগ্মসচিব)
হজ অফিস, ঢাকা
ফোন: ৪১০৯১৫২৫।
E-mail: director@hajoffice.gov.bd

নং- ১৬.০৩.০০০০.০০০.০০১.১১.০০০১.২৪.৩২৫

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২
১৩ মে ২০২৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, প্রশাসন/হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব, প্রশাসন/হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেস্টার সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা।
৯. সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা।
১০. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১১. হিসাব শাখা, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১২. জনাব/বেগম.................................................................
১৩. অফিস কপি/মাস্টার ফাইল।

পরিচালক
হজ অফিস, ঢাকা।